# বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী

ঃ উপপরিচালকের কার্যালয়, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।
ারিখ ঃ ১৩/০২/২০২৪ খ্রি.
সময় ঃ সকাল ১২.৩০ টা
উপস্থিতি ঃ হাজিরা খাতায় সংরক্ষিত।
সভাপতি ঃ মোঃ সিরাজুল ইসলাম, উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং জেলা প্রশিক্ষণ অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। জেলা প্রশিক্ষণ অফিসার গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন অসঙ্গতি না থাকায় কার্যবিবরণী অনুমোদন করা হয়। সভায় আলোচিত এজেন্ডা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপ ঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | রবি/২০২৩-২৪ বছরে বিভিন্ন ফসলের আবাদ অগ্রগতি | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভায় জানান যে, রবি/২৩-২৪ মৌসমে ভূট্টা, বোরো, চিনাবাদাম ছাড়া অন্যান্য রবি মৌসুমের ফসলের আবাদ চুড়ান্ত হয়েছে। উল্লেখিত ফসলসমূহ ফেব্রুয়ারী মাসের শেষ নাগাদ চুড়ান্ত হবে বলে কৃষি অফিসারগণ মতামত দেন। উপপরিচালক মহোদয় রবি পরিকল্পনা মাঠের বাস্তবতা ও কর্মকৌশল নির্ধারণ পূর্বক ফসলের আবাদ চুড়ান্ত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। বোরো বীজতলা ও আবাদ এর সাথে বিশেষ করে হাইব্রিড বীজতলার সাথে আবাদের অনেক সময় অসংগতি পরিলক্ষিত হয়। এ বিষয়ে যত্নবান থেকে প্রতিবেদন দেওয়ার নির্দেশনা প্রদান করেন। বোরো আবাদের ক্ষেত্রে সঠিক বয়সের চারা, সারিতে রোপণ, সুষম সার ও পার্চিং বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন। আলু ও সরিষার জাতভিত্তিক শস্য কর্তন সিডিউল নির্ধারণ পূর্বক নমুনা শস্য কর্তন ও কৃষক ইন্টারভিউ করে বাস্তবতার নিরিখে ফলন নির্ধারনের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। রবি/২৩-২৪ মৌসুমে কৃষক নির্বিঘ্নে ফসল ঘরে তুলতে পারে সে জন্য নিয়মিত মাঠ মনিটরিং ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>২। বোরো ফসলে দৃশ্যমান পার্চিং , লাইন ও লগো নিশ্চিত করতে হবে।<br>৩। প্রত্যেক এসএএও আলু ও সরিষা ফসলের নমুনা শস্য কর্তন ও কৃষক ইন্টারভিউ এর মাধ্যমে প্রকৃত ফলন নির্ধারণ করবেন। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ২ | বিভিন্ন প্রকল্প/রাজস্ব খাত/সমলয়/প্রণোদনার আওতায় প্রদর্শনী ও মাঠ দিবসের বাস্তবায়ন অগ্রগতি | বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রদর্শনী ও মাঠ দিবস সমূহ বাস্তবায়ন করতে হবে। মাঠ দিবসের সাজসজ্জা, সাউন্ড সিস্টেম নিয়ে উপপরিচালক মহোদয় সভায় আলোচনা করেন। মাঠ দিবসের অঙ্গহানি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। প্রদর্শনীর সাইনবোর্ডে সঠিক জাত উল্লেখ করে যথা নিয়মে স্থাপন করার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের গাইডলাইন অনুযায়ী প্রদর্শনী সমুহের উপকরণ সঠিক সময়ে বিতরণ ও বাস্তবায়নের জন্য বলা হয়। মাঠে প্রদর্শনী স্থাপনের সাথে সাথে প্রেরিত ছকপত্র মোতাবেক বাস্তবতার নিরিখে তথ্য যাচাইপূর্বক প্রাথমিক প্রতিবেদন এবং কর্তনের পর চূড়ান্ত প্রতিবেদন প্রকল্প অফিস ও অত্র দপ্তরে প্রেরণের জন্য সভায় আলোচনা হয়। সমলয় প্রদর্শনী ও প্রণোদনা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সমলয়ের সিডিউল দিতে হবে। সমলয় প্রদর্শনীতে ১০ শতক জমিতে খামারী অ্যাপ ও ৫ একর জমিতে AWD ব্যবহার নিশ্চিত করার জন্য সভায় আলোচনা হয়। এছাড়া প্রণোদনা কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে মাস্টার রোলের ১ কপি অত্র অফিসে প্রেরণ করার জন্য সভায় আলোচনা হয়। | ১। প্রদর্শনী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২। সমলয় প্রদর্শনী বাস্তবায়নে বীজ বপনের পূর্বে প্রশিক্ষণ ও দলীয় সভা আয়োজন করতে হবে।<br>৩। AWD ব্যবহার ও খামারি Apps ব্যবহার করে সার প্রয়োগ করতে হবে।<br>৪। প্রদর্শনী স্থাপনের পর প্রাথমিক ও কর্তনের পর চুড়ান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে জেলায় প্রেরণ করতে হবে।<br>৫। প্রাথমিক প্রতিবেদন যথাসময়ে প্রকল্প অফিস ও অত্র দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬। সকল প্রণোদনা কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>৭। প্রদর্শনী চেকলিস্ট আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>৮। প্রনোদনা কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে অত্র অফিসে মাস্টাররোল প্রেরণের সিদ্ধান্ত হয়।<br>৯। সমলয়ের চারা রোপণের সিডিউল প্রেরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | … রোগ পোকা …স্থিতি, ও উদ্ভিদ সংরক্ষণ বিষয়ক …র্যক্রম | অতিরিক্ত উপপরিচালক (পিপি) মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের রোগ বালাই পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট সকলের মাঠ মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। বালাইনাশক লাইসেন্স নিয়মিত হালনাগাদসহ, দোকান মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়। সরিষার হোয়াইট মোল্ড এবং আলুর লেট ব্লাইটসহ অন্যান্য ফসলের রোগ পোকা দমন নিয়ে আলোচনা করা হয়। জৈব বালাইনাশক মজুদের জন্য ডিলারগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা হয়। | ১। বালাইনাশক ডিলারের লাইসেন্স হালনাগাদ, সাইনবোর্ডসহ অন্যান্য নিয়মমাফিক বিষয়াবলীর মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>২। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩ মাস আগে আবেদন করতে হবে।<br>৪। ভেজাল রোধে বালাইনাশকের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভেজাল প্রমাণিত বালাইনাশকের মজুদ ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। বালাইনাশক দোকানসমূহে সময় উপযোগী মানসম্মত বালাইনাশকের মজুদ নিশ্চিত করতে হবে।<br>৬। জৈব বালাইনাশক মজুদের বিষয়ে ডিলারগণকে উৎসাহিত করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৪ | রাসায়নিক সার মজুদ, সরবরাহ পরিস্থিতি ও মনিটরিং | বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি নিয়ে সভায় আলোচনা করা হয়। নিয়মিত সারের মজুদ সরেজমিনে বরাদ্দ ও আগমনীবার্তা অনুযায়ী গুদামঘর যাচাই পূর্বক বিক্রয়ের অনুমতি প্রদানের জন্য বলা হয়। | ১। সার মনিটরিং জোরদার করতে হবে।<br>২। সকল প্রকার তরল সারের মজুদ, বাজারজাত ও বিতরণ বন্ধে মনিটরিং জোরদার করতে হবে।<br>৩। ভেজাল প্রমাণিত সারের মজুত ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৫ | অনাবাদি পতিত জমির ব্যবহার | <u>প্রকল্পের আওতায়:</u><br>অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনার বিষয়ে সভায় আলোচনা হয়। অনাবাদি পতিত ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান প্রকল্পের আওতায় বাস্তবায়িত পূর্বের প্রদর্শনীসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন করে অত্র দপ্তরের স্মারক নং-৫৭৬, তারিখ-১৫/০৬/২২ মোতাবেক পারিবারিক সবজি পুষ্টিবাগান স্থাপনে সবজি ও ফল গাছ নির্বাচন সংক্রান্ত গৃহিত পরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের আওতায় চলমান অর্থ বছরের (২০২৩-২৪) বরাদ্দপ্রাপ্ত পারিবারিক পুষ্টি বাগান, শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টিবাগান ও আশ্রয়ন প্রকল্পের পুষ্টিবাগানগুলি যথাযথভাবে বাস্তবায়ন ও আশ্রয়ন প্রকল্পের ছবি, ভিডিও ও সফলতার গল্প তৈরির জন্য উপপরিচালক মহোদয় উপজেলা কৃষি অফিসারদের নির্দেশনা প্রদান করেন।<br><u>উদ্বুদ্ধকরণের মাধ্যমে:</u><br>উদ্বুদ্ধকরণের মাধ্যমে বিভাগীয় নির্দেশনা অনুসারে প্রত্যেক উপসহকারী কৃষি কর্মকর্তা তার ব্লকের আশ্রায়ন/ আবাসনে কৃষি বিষয়ক পরামর্শ ইতোপূর্বে প্রেরিত ছকপত্র মোতাবেক প্রদান করবেন। | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (প্রতি ইঞ্চি জমির সদ্ব্যবহার) বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। প্রকল্পের আওতায় পূর্বের বাগান পরিষ্কার পরিচ্ছন্ন করে সবজির বাগান তৈরী এবং শস্য বিন্যাস অনুযায়ী বাগান সাজাতে হবে, ৫ বেডে ৫ রকমের সবজি থাকতে হবে।<br>৩। চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। আগামী সভায় চলমান কার্যক্রমের প্রমাণক উপস্থাপন করতে হবে।<br>৫। প্রদর্শনী যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬। আশ্রায়ন প্রকল্পের ছবি, ভিডিও ও সফলতার গল্প তৈরির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৬ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>২। কৃষি বাতায়ন ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৭ | রেকর্ড-পত্রাদি সংরক্ষণ | ১। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে রাজস্ব কর্মসূচি ও প্রকল্পের আওতাধীন বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারে সংরক্ষন করা প্রয়োজন। একইসাথে ব্লক পর্যায়ের তথ্যাদি একীভূত করে উপজেলার তথ্য নির্দিষ্টকরণ এবং তা জেলায় প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য হালনাগাদ রাখা এবং সময়মতো রির্পোটিং এর বিষয়ে তাগিদ প্রদান করা হয়। স্টক রেজিস্টার, উপকরণ বিতরণের রেজিস্টার ইত্যাদি বিষয়গুলোর দিকে দৃষ্টি রাখতে হবে। সারের আগমনী বার্তায় ডকেট নাম্বার বসাতে হবে। এক নজরে প্রদর্শনীর তালিকা থাকতে হবে। | ১। রাজস্ব কর্মসূচিসহ প্রকল্প কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষন করতে হবে।<br>২। উপজেলা ও ব্লক পর্যায়ের সাথে সংগতি রেখে জেলায় তথ্য প্রেরণ করতে হবে।<br>৩। উপজেলায় সারের আগমনী রেজিস্টার, প্রদর্শনী রেজিস্টার, দৈনিক প্রতিবেদন রেজিস্টার, এসএএওগণের সাপ্তাহিক প্রতিবেদন রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।<br>৪। সারের আগমনী বার্তায় ডকেট নাম্বার অবশ্যই বসাতে হবে।<br>৫। এক নজরে প্রদর্শনীর তালিকা থাকার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেল<br>া কৃষি অফিস (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | [illegible] কর্ণার স্থাপন [illegible]রক অগ্রগতি | সভায় অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক উপজেলায় প্রতি ব্লকে ভিজিটিং কর্ণার স্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | ১। অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিশেষ কর্মসূচি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>২। প্রত্যেক ব্লকে ভিজিটিং কর্ণার স্থাপন করতে হবে।<br>৩। উঠান বৈঠক যথাযথভাবে পালন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। প্রত্যেকটি ব্লকে ১টি করে গ্রাম বিশেষ কর্মসূচির আওতায় আনতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৯ | প্রশিক্ষণ | জেলা প্রশিক্ষণ অফিসার মডিউল-সিডিউল যথাসময়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন। উপজেলায় পাক্ষিক অধিবেশন ও প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্নকরণ এবং প্রশিক্ষণ/কর্মশালাতে Power Point উপস্থাপনা নিশ্চিতকরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। | ১। মডিউল-সিডিউল যথাসময়ে প্রেরণ করতে হবে।<br>২। পাক্ষিক প্রশিক্ষণ/অধিবেশন এবং প্রশিক্ষণ/কর্মশালায় Power Point উপস্থাপন নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ১০ | বিবিধ | ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর জানান যে, মজুদ রেজিস্টার সঠিকভাবে হালনাগাদ করতে হবে। কাজের গুণগত মানের বজায় রাখতে হবে।<br>২। সভায় কৃষি ঋণের জন্য অগ্রগামী, সচল ও ভালো দল বা গ্রুপের কৃষকের নাম প্রেরণের জন্য উপপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। প্রতি উপজেলা থেকে ন্যূনতম ২ টি দল ও ৫ জন কৃষকের নাম প্রেরণ করতে হবে।<br>৩। কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন মাসের কার্যক্রম সর্ম্পকে সভায় আলোচনা হয়। | ১। বোরো প্রদর্শনীর উপকরণ বিতরণের সময় প্রকল্প/জেলার কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>২। ফুট পাম্প ও পাওয়ার স্প্রেয়ার এবং রাইস ট্রান্সপ্লান্টার এর ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩। মজুদ রেজিস্টার সঠিকভাবে হালনাগাদ করতে হবে। কাজের গুণগত মানের বজায় রাখতে হবে।<br>৪। কৃষি কথার গ্রাহক বাড়াতে হবে এবং এআইসিসি এর কার্যক্রম বাড়াতে হবে। প্রতিটি কৃষক দলকে কৃষি কথার গ্রাহকের আওতায় আনতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


মোঃ সিরাজুল ইসলাম
উপপরিচালক
ফোন: ০২৫৮৯৯৩১৬৩৯
ইমেইল-dddaethakurgaon@gmail.com


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও

স্মারক নংঃ ১২.১৭.৯৪০০.০৪১.১৪.০৩৯.২২.২৭৭ — তারিখ ঃ ১৮/০২/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
০৩। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
০৪। অতিরিক্ত উপপরিচালক(শস্য/পিপি/উদ্যান), অত্র দপ্তর।
০৫। উপজেলা কৃষি অফিসার, সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রানীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।


উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও